# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪০২

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - আযান শুনতে পায় এমন ব্যক্তির জামা'আতে উপস্থিতি ওয়াজিব

## আরবী

وَعَنْهُ قَالَ: أَتَى النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ رَجُلٌ أَعْمَى فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ! لَيْسَ لِي قَائِدٌ يَقُودُنِي إِلَى الْمَسْجِدِ, فَرَخَّصَ لَهُ, فَلَمَّا وَلَّى دَعَاهُ, فَقَالَ: «هَلْ تَسْمَعُ النِّدَاءَ بِالصَّلَاةِ?» قَالَ: نَعَمْ. قَالَ: «فَأَجِبْ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (653)

## বাংলা

৪০২. আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একজন অন্ধলোক (আবদুল্লাহ বিন উম্মু মাকতুম) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে বললেন- হে আল্লাহর রসূল! মসজিদে নিয়ে যাওয়ার মত আমার কোন লোক নেই। এটা শুনে তিনি তাকে (জামা'আতে হাজির হওয়া হতে) অব্যাহতি দিলেন। যখন লোকটি ফিরে গেল তখন তাকে ডেকে বললেন, তুমি কি সালাতের আযান শুনতে পাও? লোকটি বললেন হ্যা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তবে তুমি আযানে সাড়া দাও।” (অর্থাৎ আযানের ডাকে জামা'আতে হাজির হও)।[1]

## ফুটনোট

[1] মুসলিম ৬৫৩, নাসায়ী ৮৫০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70213

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন